দৈনিক সংবাদ

তারিখ 24 JUL 1996 পৃষ্ঠা ১২ কলাম ৩

# শিক্ষা ভবনে শিক্ষকদের প্রতিবাদ সমাবেশ

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির আহ্বানে গত বৃহস্পতিবার বেলা ১১টায় বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের শিক্ষকগণ শিক্ষা ভবনে প্রতিবাদ সমাবেশ করেন। আত্তীকরণ বিধিমালার অননুমোদিত সংশোধনের ওপর ভিত্তি করে আত্তীকৃত শিক্ষকদের আত্তীকরণপূর্ব নিজ নিজ পদে বহাল করার কর্তৃপক্ষের উদ্যোগের প্রতিবাদে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা বলেন, কর্তৃপক্ষের এই উদ্যোগ সফল হলে আত্তীকৃত শিক্ষকগণ বেসরকারি কলেজে থাকা-কালীন অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সহকারি অধ্যাপক পদে ১৯৭৮ সালের ১লা ফেব্রুয়ারি থেকে বহাল হবেন। ফলে ক্যাডারের প্রায় ৮ হাজার শিক্ষক চাকরিতে জুনিয়র হয়ে পড়বেন। তাদের ভবিষ্যৎ পদোন্নতির পথ রুদ্ধ হয়ে যাবে এবং অধিকাংশের প্রাপ্ত পদোন্নতি বাতিল যোগ্য হবে।